মেহেরপুর শহরে ফেনসিডিলসহ স্বামী-স্ত্রী আটক

মেহেরপুর শহরের কাজি অফিসপাড়া এলাকায় মেহেরপুর টাউন ফাঁড়ির সদস্যরা অভিযান চালিয়ে ৪ বোতল ফেনসিডিলসহ স্বামী ও স্ত্রীকে আটক করেছেন।

আটকরা হলেন, কাজি অফিসপাড়া এলাকার শাহারুল ইসলাম ওরফে মাইকেল
(৩৬) ও তার স্ত্রী রেনুকা খাতুন (৩২)।

আজ বৃহস্পতিবার (৪ আগষ্টা) বিকাল ৬ টার দিকে মেহেরপুর শহর পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) সোহরাব হোসেন, এএসআই নাজমুল হোসেন, এএসআই জালাল উদ্দীনসহ সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদে অভিযান চালিয়ে তাদের আটক করেন।

শহর পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) সোহরাব হোসেন বলেন, মুদি দোকানের আড়ালে তারা ফেনসিডিলের ব্যবসা চালাচ্ছিল। গোপন সংবাদের ভিত্তিত্বে অভিযান চালিয়ে রেনুকার শরীর থেকে ৪ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

তিনি জানান, আটক মাইকেলের বিরুদ্ধে ১ টি গাঁজার মামলা ও রেনুকার বিরুদ্ধে দুটি ফেনসিডিল মামলা আদালতে চলমান। সম্প্রতি একটি মামলায় রেনুকা খাতুনের ২ বছর কারাদন্ড হয়েছে। আপিল করে জামিনে বের হয়ে সে আবারো মাদক বিক্রি শুরু করেছে।

আটকৃতদের নামে মাদ্রক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে সদর থানায় মামলা দায়েরক করার প্রস্তুতি চলছে। এছাড়া তাদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।